

# আজ থেকে ঢাবিতে অনলাইনে ক্লাস শুরু

অনলাইন ডেস্ক



ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব পর্যায়ের  
শিক্ষার্থক্রম স্বাভাবিক রাখতে আজ রবিবার  
(৩০ নভেম্বর) থেকে অনলাইন ক্লাস চালু হচ্ছে।

শনিবার (২৯ নভেম্বর) বিশ্ববিদ্যালয়ের  
জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ  
বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, বিভাগীয় চেয়ারম্যান ও  
ইনসিটিউটের পরিচালকরা সংশ্লিষ্ট ডিনদের  
সঙ্গে সমন্বয় করে নিজ নিজ বিভাগ ও  
ইনসিটিউটে অনলাইন ক্লাস পরিচালনা  
করবেন। প্রবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত  
অনলাইন ক্লাস অব্যাহত থাকবে বলে জানানো  
হয়েছে।

এ ছাড়া সাম্প্রতিক ভূমিকম্প ও আফটারশকের  
কারণে ক্ষতিগ্রস্ত ভবনগুলো সংস্কারের লক্ষ্য  
প্রকৌশলীদের সমন্বয়ে গঠিত পরিদর্শন টিমের  
মতামতের ভিত্তিতে শীতকালীন ছুটি সম্পর্কিত  
সিদ্ধান্ত পরবর্তী সময় জানানো হবে বলে  
বিজ্ঞপ্তিতে জানানো হয়।